গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(শাখা নং-২)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে নভেম্বর, ১৯৮৬

এস,আর,ও নং ৪৫০-এল/৮৬।—১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশ (১৯৮৪ সালের ৩৬ নং অধ্যাদেশ) এর ১৪ ধারার ক্ষমতাবলে এবং অত্র বিভাগের ১৯৮০ সালের ২০শে সেপ্টেম্বর তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৩৩৫-২/৮০ বাতিল করিয়া সরকার নির্দেশ দিতেছেন যে, যেক্ষেত্রে কর উপ-কমিশনার কর্তৃক কোন করদাতার (অনিবন্ধীকৃত ব্যবসা প্রতিষ্ঠানসহ) মোট আয় অনূর্ধ্ব এক লক্ষ টাকা ধার্য হয় সেক্ষেত্রে উক্ত অধ্যাদেশের ১২৮ অথবা ১৫৬ ধারার অধীনে এ্যাপিলেট যুগ্ম-কমিশনার এবং ১০ অথবা ১২০ ধারার অধীনে পরিদর্শক যুগ্ম-কমিশনার কর্তৃক প্রদত্ত আদেশের বিরুদ্ধে একই অধ্যাদেশের ১৫৮ ধারার অধীনে দায়েরকৃত আপীলসমূহ সম্পর্কে কর আপীল ট্রাইব্যুনালের সভাপতি, বিচার সদস্য এবং হিসাব সদস্য যৌথভাবে বা স্বতন্ত্রভাবে উক্ত ট্রাইব্যুনালের ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদন করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
এম. এস. নূর
যুগ্ম-সচিব

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner